

### ভিসিকে শিক্ষকদের আল্টিমেটাম

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা :  
আগামী ২৮ তারিখের মধ্যে ইসলামী  
বিশ্ববিদ্যালয়ের ৬ জন শিক্ষকের পদোন্নতি  
প্রদান ও প্রকাশিত শিক্ষক নিয়োগ বিজ্ঞপ্তি  
বাতিলনহ ৪ দফা দাবী আদায়ের জন্য  
শিক্ষক সমিতি ভিসির নিকট আল্টিমেটাম  
দিয়েছে। ৪ দফা দাবীর মধ্যে আরো রয়েছে  
৭-এর পূঃ ৫-এর কঃ দেখুন

### আল্টিমেটাম প্রথম পৃষ্ঠার পর

বর্তমান নীতিমালা বহাল রেখে অথবা  
চ্যাপেলর কর্তৃক নীতিমালা পরিবর্তন করে  
ভর্তি পরীক্ষা গ্রহণ ও বিজ্ঞান অনুষদের ২টি  
বিভাগের চেয়ারম্যান নিয়োগ বাতিল করা।  
২৮ তারিখের মধ্যে উক্ত দাবীসমূহ না  
মানলে বিভিন্ন কর্মসূচী পালনের ঘোষণা  
দেয়া হয়েছে। কর্মসূচীর মধ্যে রয়েছে ২৯  
তারিখ সকাল ১০টা থেকে ১ ঘন্টা, ৩০  
তারিখ ২ ঘন্টা, ৩১ তারিখ ৩ ঘন্টা এবং ১  
নভেম্বর থেকে লাগাতার কর্মবিরতি পালন।  
গতকাল (রবিবার) শিক্ষক সমিতির এক  
সাধারণ সভায় দীর্ঘ আলোচনার পর উক্ত  
কর্মসূচী গ্রহণ করা হয়।